ভোরের কাগজ

তারিখ ... ... JUL 0 8 2008 ..
পৃষ্ঠা ১০ কলাম ২ ...

২২০

### এসএসসিতে চট্টগ্রাম বিশ্বঃ কলেজের কৃতীদের সংবর্ধনা

# শিক্ষকদের সঠিক নির্দেশনা ও অভিভাবকদের সহায়কা ভূমিকা ও প্রেরণা কাজে এসেছে

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ মোঃ জাকের উল্লাহ'র সভাপতিত্বে এবার এসএসসি পরীক্ষায় কৃতিত্বপূর্ণ ফলাফলের গত ২ জুলাই এক সংবর্ধনা অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য ও কলেজ পরিচালনা পর্ষদের সভাপতি প্রফেসর ড. আবু ইউসুফ বলেছেন, মেধা তালিকায় স্থান ও কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জন করে বিশ্ববিদ্যালয় কলেজের মাধ্যমিক শাখার এসএসসি পরীক্ষার্থীরা শুধুমাত্র তাদের পিতা-মাতার মুখ উজ্জ্বল করেনি, তাতে সমধিক সমুজ্জ্বল হয়েছে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের ঐতিহ্যবাহী ভাবমূর্তি।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সম্মিলিত মেধা তালিকায় বিজ্ঞান, বাণিজ্য ও মানবিক গ্রুপে শীর্ষস্থান অর্জনকারী ৫ জন ছাত্র, স্টারপ্রাপ্ত ২৯ জন ছাত্র, ৮৬ জন প্রথম বিভাগ ও কৃতিত্বপূর্ণ ফলাফল অর্জনকারী ছাত্রছাত্রীকে বিশ্ববিদ্যালয় কলেজের (মাধ্যমিক শাখার) পক্ষ থেকে পুরস্কৃত করা হয়। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কলেজের মাধ্যমিক শাখার অনুষ্ঠানে বক্তব্য রাখেন প্রফেসর ড. সত্যজিত কুমার ভদ্র, প্রফেসর ড. এ এন. এম আলমগীর, প্রফেসর ড. জহুরুল আলম চৌধুরী, আবদুল মন্নান, আবু তাহের, আলেফ হোসেন চৌধুরী প্রমুখ।

সংবর্ধিত কৃতী ছাত্রছাত্রীরা বক্তব্য রাখতে গিয়ে বলে, তাদের লেখাপড়ার প্রতি নিরবচ্ছিন্ন একাগ্রতা, অধ্যবসায়, শিক্ষকদের সঠিক দিকনির্দেশনা ও অভিভাবকদের সচেতন সহায়ক ভূমিকা ও প্রেরণা কাজে লেগেছে। কৃতী ছাত্রছাত্রীদের মধ্যে বক্তব্য রাখে শর্মিষ্ঠা ভদ্র, মোসলেহ উদ্দিন, সাদিয়া কামাল প্রমুখ। বিজ্ঞপ্তি।